রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২০ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১, ২০২০

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৭৭—৫৮৮ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৮৩—৬৯৪ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭১৫—৭২৯ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০২.৯৯(বি.মা.)-২৩৫—যেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ তালুকদার (পরিচিতি নং : ১৫১৮০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, সিনিয়র সহকারী কমিশনার, কক্সবাজার হিসেবে কর্মরত থাকাকালে তথ্য গোপন করে আইনের ব্যত্যয় ঘটিয়ে ১৭-০৬-২০০৯ তারিখে বেগম তামান্না রহিম ফালগুনী, পিতা-মরহুম আব্দুর রহিম, সাং-৭০/বি, আর কে মিশন রোড, ময়মনসিংহ সদরকে বিবাহ করা, স্ত্রী হিসেবে তাকে প্রাপ্য আইনগত অধিকার হতে বঞ্চিত রাখার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগে এ মন্ত্রণালয়ের ১৯-০৬-২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০২.১৯(বি. মা.)-২৭৬ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তা জানতে চাওয়া হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ২৭-০৬-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। গত ২৯-০৯-২০১৯ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকায় বেগম মুনিমা হাফিজ (পরিচিতি নং : ৬৩৩৫), যুগ্মসচিব (সওব্য-২), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৮-০২-২০২০ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে "অভিযুক্ত জনাব মো: আব্দুর রউফ তালুকদার (পরিচিতি নং : ১৫১৮০) এর স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে থাকা সত্ত্বেও বেগম তামান্না রহিম ফাল্গুনী-কে বিয়ে করেন। তাঁর দ্বিতীয় বিবাহের বিষয়টি তিনি অস্বীকার করেননি বরং তিনি

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মৌখিকভাবে, এমনকি লিখিতভাবেও তা স্বীকার করেছেন। গত ০৯-০২-২০২০ তারিখে অভিযোগকারিসহ শুনানিতে হাজির হলে বেগম তামান্না রহিম ফাল্গুনীর এক প্রশ্নের জবাবে তিনি জানান যে, এটি তাঁর ৩য় বিয়ে। প্রথম স্ত্রীর সাথে ডিভোর্স হওয়ার পরে তিনি দ্বিতীয়বার বিয়ে করেন। পরবর্তীতে তিনি অভিযোগকারীকে বিয়ে করেন মর্মে জানান। বিবেচ্য মামলার অভিযোগকারী ও সাক্ষী বেগম তামান্না রহিম তাঁর লিখিত জবানবন্দিতে উল্লেখ করেন, তাঁর স্বামী জনাব মোঃ আব্দুর রউফ তালুকদার তাঁর আগের বিয়ের তথ্য গোপন করে তাকে বিয়ে করেন। অভিযুক্ত ব্যক্তি দুইজন স্ত্রীর মধ্যে সমতা বজায় রাখেন না। এমনকি অভিযোগকারীকে মারধরও করেন মর্মে তিনি জানান। বেগম তামান্না রহিম শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন। তিনি তাঁর বক্তব্যের স্বপক্ষে হসপিটালে ভর্তির প্রমাণক দাখিল করেন। সার্বিক বিষয়টি সামাজিক, পারিবারিক ও চাকুরির শৃঙ্খলার সাথে সম্পৃক্ত। সুস্থ শৃঙ্খলাবদ্ধ জীবন যাপন সমাজে মানুষের মর্যাদা বৃদ্ধি করে। একজন সরকারি কর্মকর্তা হিসেবে তিনিও এ সমাজের একজন দায়িত্বশীল মানুষ। তাঁর দ্বিতীয় বিয়ের কারণে পারিবারিক দায়িত্ববোধ যেমন ক্ষুণ্ন হয়েছে, তেমনি তাঁর প্রথম স্ত্রী ও সন্তান সন্ততিগণও সমাজের কাছে হেয় হচ্ছেন। তাছাড়া দ্বিতীয় স্ত্রীকেও তিনি সামাজিক মর্যাদা থেকে বঞ্চিত করছেন। তাঁর এহেন কার্যকলাপ শুধুমাত্র তাঁর দ্বিতীয় স্ত্রীর জীবনকেই দুর্বিসহ করেনি, তাঁর প্রথম স্ত্রী ও সন্তানেরাও সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হচ্ছেন, এটাই স্বাভাবিক। এ অসংগত আচরণ পারিবারিক ও সামাজিকভাবে যেমন ক্ষতিকর, চাকুরির শৃঙ্খলার জন্যও হানিকর। জবানবন্দি, সাক্ষীর বক্তব্য ও দালিলিক প্রমাণাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তা মো: আব্দুর রউফ তালুকদার (পরিচিতি নং : ১৫১৮০) এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে"। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধিমালায় "অসংগত আচরণ বা চাকুরির শৃঙ্খলার জন্য হানিকর আচরণ, অথবা সরকারি কর্মচারীদের আচরণ সংক্রান্ত বিদ্যমান বিধিমালার কোন বিধানের পরিপন্থি কোনো কার্য অথবা কোনো সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত কোন আচরণ"কে অসদাচরণ বলে বলা হয়েছে। তাছাড়া সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) এর বিগত ০৫ মার্চ ১৯৮৮/২১ ফাল্গুন ১৩৯৪ তারিখে সম (বিধি ৫১)১ডি-১১/৮৭-২২ সংখ্যক পরিপত্রে "নৈতিক মূল্যবোধের অবক্ষয়, যৌতুকের দাবী ইত্যাদি কারণে পারিবারিক জীবনে অশান্তি, স্বামী-স্ত্রী কর্তৃক পরস্পরের প্রতি দুর্ব্যবহার, নির্যাতন" কে অসদাচরণ এ পর্যায়ভুক্ত করা হয়েছে। অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৫)(গ) অনুযায়ী তাকে গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

৪। যেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ তালুকদার দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। অভিযুক্তের অপরাধ পর্যালোচনা করলে তিনি গুরুদণ্ড পাওয়ায় যোগ্য বলে প্রতীয়মান হয়। তবে নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে তাঁর প্রতি কিছুটা নমনীয় মনোভাব পোষণ করা হলো। অভিযুক্ত একজন মুক্তিযোদ্ধার সন্তান। তাঁর ৪টি অপ্রাপ্ত বয়স্ক সন্তান রয়েছে, যারা প্রত্যেকে পড়ালেখা করে। ছোট মেয়েটি ক্লাস-টু এর ছাত্রী। এতবড় একটি সংসার তাকে চালাতে হয়। এই মুহূর্তে যদি তাকে গুরুদণ্ড আরোপ করে সরকারি চাকুরি হতে অবসর/অব্যাহতি/বরখাস্ত করা হয় তাহলে তাঁর ছোট ছোট ছেলেমেয়ের পড়ালেখা ও জীবনযাত্রা মারাত্মকভাবে ব্যাহত হবে। পিতার অপরাধের কারণে সন্তানদের শাস্তি প্রদান করা সঠিক হবে না। সবকিছু বিবেচনায় লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৫। সেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ তালুকদার (পরিচিতি নং : ১৫১৮০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে "৩ বছরের জন্য বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ ৬ নং গ্রেডে ৩৫,৫০০—৬৭,০১০ টাকা স্কেলে বর্তমানে প্রাপ্ত মূল বেতন ৪৫,৩৩০ টাকা হতে নিম্ন ধাপে ৩৫,৫০০ টাকা মূল বেতনে নামিয়ে দেওয়ার লঘুদণ্ড প্রদান করা হলো। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৩৫,৫০০—৬৭,০১০ টাকার স্কেলে (৬ নং গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০২.২০(বিমা)-২৫৯**—যেহেতু, জনাব নাজিম উদ্দিন (পরিচিতি নং : ১৭৪৪২), প্রাক্তন সিনিয়র সহকারী কমিশনার, কুড়িগ্রাম এবং বর্তমানে সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত এর বিরুদ্ধে অভিযোগসমূহ গুরুতর। ইতোমধ্যে তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা চলমান। তাকে কোথাও পদায়ন করা হলে তিনি আরো অনেক ঘটনা ঘটাতে পারেন মর্মে প্রতীয়মান হয়। প্রশাসন তার এহেন কার্যকলাপে আরো বিব্রত অবস্থায় পড়তে পারে।

এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর ১২(১) ধারার বিধান মোতাবেক তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি মোতাবেক খোরপোষ ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ শ্রাবণ ১৪২৭/০৪ আগস্ট ২০২০

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৯**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee Inter-Disciplinary (ID) গ্রুপ আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী | রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৬৮৫৯৫৩, tofailac@yahoo.com | **আহ্বায়ক** |
| ২। | অধ্যাপক ড. মোহাম্মদ ইউনুছ আলী | সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭৫৯১১৩৭৯৫, eunus@cse.buet.ac.bd | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী, ০১৭১৪৪৭৫৩৭৮, mhrahman62@yahoo.com | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ এ কে এম খুরশিদুল আলম | চেয়ারম্যান, ইউরোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৮১৯২১৬৯২৬, khurshiduro@gmail.com | সদস্য |
| ৫। | অধ্যাপক জুলফিকার আহম্মেদ রেজা পরিচালক | কৃষি পরিসংখ্যান বিভাগ ও পরিচালক (অর্থ ও হিসাব), শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১৩৩৮২৫৫৬, zareza_sarker@yahoo.com | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. জালাল উদ্দিন আহমেদ | ফসল উদ্ভিদবিদ্যা বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ০১৭১০৮৩৮৮৯০, jahmed06@gmail.com | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | **সদস্য-সচিব** |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

(ক) Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(খ) Peer Revew Committe'র আহ্বায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

(গ) সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(ঘ) Peer Revew Committe'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঙ) আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এস মাহফুজুল বারি | প্যাথলজি বিভাগ, ভেটেনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ০১৭১৭৮৩৮৯১৫, bari.bau.bd@gmail.com | **আহ্বায়ক** |
| ২। | অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী প্রো-ভাইস চ্যান্সেলর | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ০১৭১১২৩০১৮৩, msa_sau@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৫৪৭৪২৯, rhsarker2000@yahoo.co.uk | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ০১৮১৫৫১৫০৯৭, mmrahman11@yahoo.com | সদস্য |

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ৫। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেটিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ০১৭৩৩৭৬৯৮০০, aminoor69@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ আশরাফ হোসেন<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর, ০১৭১২৯৪৮৮৭১, ashrafbdprc@gmail.com | সদস্য |
| ৭। | ড. মো. সলিমুল্লাহ<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | মলিকুলার বায়োটেকনোলজি বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯, ০১৭৩৫৯৯৯৯৯৩, selim2969@gmail.com | সদস্য |
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

(ক) Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(খ) Peer Revew Committe'র আহ্বায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

(গ) সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(ঘ) Peer Revew Committe'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঙ) আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৬**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Medical Sciences (Medi-S) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত | সাবেক উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা, বর্তমান ঠিকানা : গ্রিন লাইফ মেডিকেল কলেজ, গ্রিনরোড, ঢাকা, ০১৭১৩০১৫০৩৪, prangopal@gmail.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ডাঃ খান আবুল কালাম আজাদ | অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা<br>০১৭১১৮৯০৫০৮, dmc_principal@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ডাঃ মোঃ বিল্লাল আলম | অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা<br>০১৭১৬২১০১২১, ssmc@ac.dghs.gov.bd | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসনাত জোয়ারদার | নাক, কান ও গলা বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা<br>০১৭১১৫৪২০৭৩, joarderah@yahoo.com, profbillal66@gmail.com | সদস্য |
| ৫। | ডাঃ নূরুন নাহার<br>পরিচালক | ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালয়েড সায়েন্স, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা<br>০১৭১৫৪৪৫৭৭৯, nahar_ndr@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

(ক) Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(খ) Peer Revew Committe'র আহ্বায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

(গ) সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(ঘ) Peer Revew Committe'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঙ) আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

(চ) বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৭**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Environmental Sciences (ES) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এম. এস. মাকসুদ কামাল | প্রোভিসি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা,<br>০১৯৩৭৮৯৪৫৫৭, maksudkamal@yahoo.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান | পরিবেশ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা<br>০১৭২০১৭৩৩৫২, hafizsr@gmail.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোস্তাফিজার রহমান | মাইক্রোবায়োলজি বিভাগ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর<br>০১৭১১৯৭৮৩৩৩, mostafiz_tm@yahoo.ca | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. স্বদেশ চন্দ্র সামন্ত | কৃষিতত্ত্ব বিভাগ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী, ০১৫৫৪৩৪৪৯৯০, samantapstu@yahoo.com | সদস্য |
| ৫। | ড. মোঃ সেলিম খান<br>প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, (বিসিএসআইআর), ধানমন্ডি, ঢাকা,<br>০১৭১২২০১৫০৪, k2salim@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

(ক) Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(খ) Peer Revew Committe'র আহ্বায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

(গ) সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(ঘ) Peer Revew Committe'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঙ) আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

নং **৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৮**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Physical Sciences (Phy-sc) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা | পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা,<br>০১৭১৬৩৩২০৩০, ssahadu@yahoo.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক শামীমা কে চৌধুরী<br>সাবেক অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | বর্তমান ঠিকানা : বাড়ি-১৫/এ, রোড-১০, গুলশান-১, ঢাকা-১২১২<br>০১৮১৯১৮৮৫২০, skc.phy@gmail.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন | পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা,<br>০১৭৭৭৭৫৫৫৩৬, mdabulh@yahoo.com | সদস্য |
| ৪। | ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী | যন্ত্রকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর<br>০১৭৬৬৫৮৯৫০৮, asadzmn2003@yahoo.com | সদস্য |

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ৫। | ড. মিহির কুমার রায় | পদার্থবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, ০১৭২৬৫০৮১২৩, mkroy56@yahoo.com | সদস্য |
| ৬। | জনাব মাসুদ কামাল পরিচালক | ভৌত-বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা, ০১৭১২৭৯৪১৬৬, masud.kamal@gmail.com | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

(ক) Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

(খ) Peer Revew Committe'র আহ্বায়ক/সদস্য কোনো প্রকল্প দাখিল করতে পারবেন না।

(গ) সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংগে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(ঘ) Peer Revew Committe'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঙ) আহ্বায়ক ও সদস্যগণ বিধি মোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

**নং ৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৫৯**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee Inter-Disciplinary (ID) গ্রুপ আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই- মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী | রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৬৮৫৯৫৩, tofailac@yahoo.com | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোহাম্মদ ইউনুছ আলী | সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা, ০১৭৫৯১১৩৭৯৫, eunus@cse.buet.ac.bd | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিজ্ঞান, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী, ০১৭১৪৪৭৫৩৭৮, mhrahman62@yahoo.com | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ এ কে এম খুরশিদুল আলম | চেয়ারম্যান, ইউরোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৮১৯২১৬৯২৬, khurshiduro@gmail.com | সদস্য |
| ৫। | অধ্যাপক জুলফিকার আহম্মেদ রেজা, পরিচালক | কৃষি পরিসংখ্যান বিভাগ ও পরিচালক (অর্থ ও হিসাব), শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১৩৩৮২৫৫৬, zareza_ sarker@yahoo.com | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. জালাল উদ্দিন আহমেদ | ফসল উদ্ভিদবিদ্যা বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ০১৭১০৮৩৮৮৯০ jahmed06@gmail.com | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.govt.bd | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধিমোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

**নং ৩৯.০০.০০০০.০০৯.০৬.০০৭.২০-১২৬০**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Engineering & Applied Science (EAS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই- মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. রফিকুল ইসলাম | ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ০১৭১০৯২৬৬০৯, professorrafiqulislam@yahoo.co.uk | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ নূরুল আলম | প্রো-ভিসি, পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা, ০১৫৫২৩২৮৫২০, alamphys@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. কাজী দীন মোহাম্মদ খোসরু | তরিৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ এবং পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা, ০১৮১৯৪১০৮৪৫, qdmkhosru@eee.buet.ac.bd | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাছিত | পদার্থ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা, ০১৫৫২৪২৮০৬৮, mabasith@phy.buet.ac.bd | সদস্য |
| ৫। | প্রকৌশলী নাছির আহমেদ | প্রকৌশল বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাও, ঢাকা, ০১৭১৪০৯০২৩৬, ahnasir88@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা<br>উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.govt.bd | সদস্য-সচিব |

**উল্লেখ্য যে, বর্তমান (কোভিড-১৯) পরিস্থিতি বিবেচনায় ২০১৯-২০২০ অর্থ বছরের পিয়ার রিভিউ কমিটির মেয়াদ ১ (এক) বছর নির্দেশক্রমে বাড়ানো হলো।**

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধিমোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে TA & DA প্রাপ্য হবেন।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৬/০৮ জুলাই ২০১৯

বিষয় : Poultry Meal আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য শর্তাবলী অনুমোদন সংক্রান্ত।

সূত্র : মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নং- ৩৩.০১.০০০০.১১১.০৫.০০৮.১৮-৭১৯ তারিখ : ০৮-০৪-২০১৯।

**নং ৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭(অংশ-১)-৪০৫**—উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে Poultry Meal আমদানির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুমোদন করা হলো :

**শর্তাবলি :**

১। কোন অবস্থাতেই MBM (Meat and Bone Meal) আমদানি করা যাবে না।

২। নিজস্ব Manufacturing Plan/ ম্যানুফ্যাকচারিং কোম্পানির অনুমোদিত রপ্তানিকারক হতে Poultry Meal আমদানি করতে হবে।

৩। আমদানিতব্য পোল্ট্রি মিলে নূন্যতম ৫৫%-৬৫% প্রোটিন থাকতে হবে।

৪। আমদানিতব্য পণ্য অবশ্যই পোল্ট্রিখাদ্য/মৎস্য খাদ্য হিসাবে ব্যবহার করতে হবে।

৫। আমদানিকৃত পণ্যের রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা পরীক্ষণ রিপোর্ট (প্রতি কিলোগ্রামে সিজিয়াম-১৩৭ এর মাত্রা) সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৬। আমদানিতব্য পোল্ট্রি মিল সকল প্রকার এন্টিবায়োটিক মুক্ত হতে হবে।

৭। আমদানিকৃত পণ্যটি ক্ষতিকারক ক্রোমিয়াম, টেনারি উপজাত ও মেলামিনমুক্ত হতে হবে। পণ্যটি শুকরের উপজাত মুক্ত হতে হবে। এ লক্ষ্যে শুকুরের উপজাত উপস্থিতির পরীক্ষা করতে হবে।

৮। পণ্যটি ২৫/৫০/১০০ কেজি ব্যাগে আমদানি করতে হবে।

৯। আমদানিকৃত পণ্যের প্যাকেটের গায়ে পণ্যের নাম, উৎস প্রাণির নাম, পণ্যের উপাদানসমূহ (শতকরা হারসহ), কোম্পানী, উৎপাদনকারী দেশের নাম (Country of Origin) ও উৎপাদনের তারিখ স্পষ্টাকারে উল্লেখ থাকতে হবে।

১০। প্রত্যেক চালানের পণ্য খালাসের পূর্বে প্রত্যেক কন্টেইনার থেকে নমুনা সংগ্রহ করে তা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পরীক্ষাগার হতে পরীক্ষা করতে হবে এবং কি কি উপাদান খাদ্যে সংমিশ্রিত আছে তা শতকরা হারে রিপোর্টে উল্লেখ করতে হবে।

১১। ল্যাবরেটরী পরীক্ষার রিপোর্ট ব্যতীত আমদানিকৃত কোন Poultry Meal বন্দর থেকে খালাস করা যাবে না। এ বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।

১২। পণ্য খালাসের পূর্বে পণ্যের আমদানিকৃত দেশ থেকে ইস্যুকৃত Health Certificate এর সঠিকতা যাচাই করতে হবে (মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবে।

১৩। আমদানিকৃত পোল্ট্রি মিল অবশ্যই শতভাগ পোল্ট্রি উপজাত সংমিশ্রণে তৈরি হতে হবে।

১৪। পণ্য খালাসের পূর্বে ভেটেরিনারী হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক যাচাই করে নিতে হবে।

১৫। আমদানিকৃত পণ্য খালাসের পূর্বে ক্ষতিকর রেসিডিউ ও জীবাণু মুক্ত এবং পুষ্টিমান সম্পর্কে সরকার কর্তৃক অনুমোদিত ল্যাবরেটরিতে পরীক্ষাপূর্বক তার সনদপত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে। নমুনা সংগ্রহের সময় সংশ্লিষ্ট ডিএলও/ইউএলও উপস্থিত থাকবেন। এ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আমদানিকারক/স্বত্ত্বাধিকারী বহন করবে। যদি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হয় তবে রপ্তানীকারক নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকবে।

১৬। অনাপত্তি সনদ প্রদান কমিটির সদস্যগণ ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিতভাবে ওয়্যার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৭। আমিদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং পোল্ট্রি ও মৎস্য খাদ্য ব্যতিত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না।

১৮। অনাপত্তি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১ (এক) বৎসরের বলবৎ থাকবে। পণ্য আমদানি ও পণ্য খালাস উক্ত ১ (এক) বছরের মধ্যে করতে হবে।

১৯। পণ্য আমদানি সংক্রান্ত কোন ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে।

২০। যে দেশসমূহ হতে পণ্য আমদানি করা হবে সে সকল দেশে এ ধরনের পণ্য তৈরির কারখানা আছে কি না, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

২১। ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোন তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করতে হবে।

২২। উপরোক্ত শর্তগুলো পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান অনুসরণ করা না হলে NOC বাতিল বলে গণ্য হবে।

**নিগার সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ শ্রাবণ ১৪২৬/০৪ আগস্ট ২০১৯

**বিষয় : Fish Meal/Fish Feed আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য শর্তাবলী অনুমোদন সংক্রান্ত।**

**সূত্র : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং -৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭(অংশ-১)-৪৬২ তারিখ ; ৩০-০৭-২০১৯।**

**নং ৩৩.০১.০০০০.১১৮.২৪.৪৬৭.১৭(অংশ-১)-৪৬৪**—উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ইতোপূর্বে জারিকৃত পত্রটি সংশোধনক্রমে Fish Meal/Fish Feed আমদানির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুমোদন করা হলো :

**শর্তাবলি :**

১। PRTC [Poultry Research Training Centre, Chittagong Vetirinary and Animal Science University (CVASU) সরকার অনুমোদিত ল্যাবরেটরী পরীক্ষার রিপোর্ট ব্যতীত আমদানিকৃত কোন Fish Meal/Fish Feed (সকল ধরনের Fish Feed বন্দর থেকে খালাস করা যাবে না। এ বিষয়ে মৎস্য অধিদপ্তর থেকে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।

২। আমদানিকৃত পণ্য অবশ্যই মৎস্য খাদ্য হিসেবে ব্যবহার করতে হবে।

৩। আমদানিকৃত পণ্যের রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তেজস্ক্রিয়তা পরীক্ষণ রিপোর্ট (প্রতি কিলোগ্রাম সিজিয়াম-১৩৭ এর মাত্রা) সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৪। আমদানিতব্য Fish Meal/Fish Feed সকল প্রকার এন্টিবায়োটিক Pesiticide, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য মুক্ত হতে হবে।

৫। আমদানিকৃত পণ্যটি ক্ষতিকারক ক্রোমিয়াম, টেনারি উপজাত ও মেলামিনমুক্ত হতে হবে। পণ্যটি শুকর এবং প্রাণিজ উপজাত (Porcine and Bovine) মুক্ত হতে হবে। এ লক্ষ্যে শুকুরের উপজাত এবং প্রাণিজ উপজাত (Porcine and Bovine) উপস্থিতির পরীক্ষা করতে হবে।

৬। পণ্যটি ২৫/৫০/১০০ কেজি ব্যাগে আমদানি করতে হবে। Bulk Quantity (১০০০ কেজি জাম্বু ব্যাগ) আনা যাবে না।

৭। আমদানিকৃত পণ্যের প্যাকেটের গায়ে পণ্যের নাম, উৎস প্রাণির নাম, পণ্যের উপাদানসমূহ (শতকরা হারসহ), কোম্পানী, উৎপাদনকারী দেশের নাম (Country of Origin) ও উৎপাদনের তারিখ স্পষ্টাকারে উল্লেখ থাকতে হবে।

৮। প্রত্যেক চালানের পণ্য খালাসের পূর্বে প্রত্যেক কন্টেইনার থেকে নমুনা সংগ্রহ করে তা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত পরীক্ষাগার হতে পরীক্ষা করতে হবে এবং কি কি উপাদান খাদ্যে সংমিশ্রিত আছে তা শতকরা হারে রিপোর্টে উল্লেখ করতে হবে।

৯। পণ্য খালাসের পূর্বে আমদানিকৃত দেশ থেকে ইস্যুকৃত Health Certificate এর সঠিকতা যাচাই করতে হবে (মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বিষয়টি নিশ্চিত করবে)।

১০। পণ্য খালাসের পূর্বে ভেটেরিনারী হেলথ সার্টিফিকেট, শিপিং ডকুমেন্ট ও অন্যান্য কাগজপত্র মৎস্য অধিদপ্তর কর্তৃক যাচাই করে নিতে হবে।

১১। আমদানিকৃত পণ্য খালাসের পূর্বে ক্ষতিকর রেসিডিউ ও জীবাণু মুক্ত ও পুষ্টিমান সম্পর্কে সরকার কর্তৃক অনুমোদিত ল্যাবরেটরিতে পরীক্ষাপূর্বক তার সনদপত্র অত্র দপ্তরে দাখিল করতে হবে। নমুনা সংগ্রহের সময় সংশ্লিষ্ট ডিএফও/ইউএফও উপস্থিত থাকবেন। এ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার আমদানিকারক/স্বত্বাধিকারী বহন করবে। যদি পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হয় তবে রপ্তানিকারক নিজ ব্যয়ে সংশ্লিষ্ট চালান ফেরত নিতে বাধ্য থাকবে।

১২। অনাপত্তি সনদ প্রদান কমিটির সদস্যগণ ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিতভাবে ওয়্যার হাউজ, ব্যবসা প্রতিষ্ঠান ও বাজার পরিদর্শনপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩। আমিদানিতব্য পণ্য রিপ্যাকিং করা যাবে না এবং মৎস্য খাদ্য ব্যতীত অন্য কোনোভাবে ব্যবহার করা যাবে না।

১৪। অনাপত্তি পত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ১ (এক) বৎসরের জন্য বলবৎ থাকবে। পণ্য আমদানি ও পণ্য খালাস উক্ত ১ (এক) বৎসরের মধ্যে করতে হবে।

১৫। পণ্য আমদানি সংক্রান্ত কোনো ভুল/অসত্য তথ্য প্রদানের দায়-দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠান বহন করবে।

১৬। ভুল/অসত্য তথ্য প্রদানের পাশাপাশি কোনো তথ্য গোপন করা হলে ইস্যুকৃত NOC বাতিলসহ উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ভবিষ্যতে এ ধরনের NOC প্রদান স্থায়ীভাবে বন্ধ করতে হবে।

২৭। উপরোক্ত শর্তগুলো পালনে ব্যর্থ হলে এবং এতদসংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান অনুসরণ করা না হলে NOC বাতিল বলে গণ্য হবে।

**ডাঃ অমিতাভ চক্রবর্ত্তী**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ শ্রাবণ ১৪২৭/০৬ আগস্ট ২০২০

**নং ৪১.০০.০০০০.০১৬.৯৯.০১৭.১৯-৫৪৩**—জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর কর্ম-পরিকল্পনার করণীয় বিষয়সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

০১ অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০২ উপসচিব (প্রতিবন্ধীতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়

০৩ উপসচিব (প্রশাসন-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়

০৪ উপসচিব (কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়

০৫ প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর

০৬ প্রতিনিধি, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

০৭ প্রতিনিধি, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

০৮ প্রতিনিধি, নিউরো-ডেভেলপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

০৯ প্রতিনিধি, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

১০ প্রতিনিধি, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট

**সদস্য-সচিব**

১১ সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়

কমিটির কার্য পরিধি :

(ক) "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮" এর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পর্যবেক্ষণ ও মূল্যায়ন;

(খ) "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮" এর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম; এবং

(গ) কমিটি প্রয়োজন মোতাবেক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহা. নায়েব আলী**
উপসচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরি-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭ ব./০৯ আগস্ট ২০২০ খ্রি.

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০১.১৩(অংশ-১)/২৩৪**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন 'চামড়া শিল্প নগরী ঢাকা (৪র্থ সংশোধিত)'-শীর্ষক প্রকল্পের সার্বিক কর্মকান্ড মূল্যায়নের লক্ষ্যে যুগ্মসচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়' কে আহ্বায়ক করে ৩ (তিন) সদস্যবিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১ জনাব মোহাং সেলিম উদ্দিন, যুগ্ম সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়

**সদস্য**

২ জনাব মোহাম্মদ আতাউর রহমান ছিদ্দিকী, পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক

**সদস্য-সচিব**

৩ জনাব ড. মোঃ আল আমিন সরকার, উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

**কমিটির কার্য-পরিধি :**

(১) কমিটি সাভারস্থ চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)-শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ের প্রতিটি অংগভিত্তিক কাজ আলাদা আলাদাভাবে মূল্যায়ন করবে। বিভিন্ন অঙ্গের বাস্তবায়ন সমস্যা/বিলম্বের কারণ ও কোনো অনিয়ম থাকলে তা চিহ্নিত করবে। কমিটি সাভারস্থ চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)-শীর্ষক প্রকল্পের কার্যকারিতা কাঙ্খিত মাত্রায় নেয়ার বিষয়ে সুপারিশ করবে;

(২) কমিটি প্রয়োজনে বিশেষজ্ঞ ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহযোগিতা গ্রহণ করতে পারবে;

(৩) কমিটি প্রকল্পের স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করতে পারবে; এবং

(৪) কমিটি প্রজ্ঞাপন জারির ৩০ কার্যদিবসের মধ্যে সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর প্রতিবেদন দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
উপপ্রধান (চ.দা.)।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ ২১ শ্রাবণ ১৪২৭/৫ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.০৮৭.১৯-১৫৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪৪৬০ লে. কর্নেল এস এম শামছুম মূহীত, পিবিজিএমএস, জি, আর্টিলারি- কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৭/২৯ জুলাই ২০২০

**নং ২৩.০০.০০০০.০৬০.২৩.০০৫.২০.৩৮৬**—নির্দেশক্রমে বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত ৪০ (চল্লিশ) জন নৌসদস্যকে বীরত্বপূর্ণ/সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ তাঁদের নামের পাশে বর্ণিত শান্তিকালীন পদক, নির্ধারিত এককালীন অনুদান ও ভাতা প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

| ক্রমিক | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ১. | ভাইস এডমিরাল এম আখতার হাবীব, এনজিপি, বিসিজিএমএস, এনডিসি, এনসিসি, পিএসসি (এলপিআর)(পি নং ২৭৩) | **নৌবাহিনী পদক** |
| ২. | রিয়ার এডমিরাল মোহাম্মদ খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ৩৪৪) | নৌবাহিনী পদক |
| ৩. | রিয়ার এডমিরাল মোহাম্মদ আবু আশরাফ, বিএসপি, এনসিসি, পিএসসি (পি নং ৪৫৮) | নৌবাহিনী পদক |
| ৪. | রিয়ার এডমিরাল মোহাম্মদ মোজাম্মেল হক, এনইউপি, এনডিসি, পিএসসি (পি নং ৪৬৭) | **অসামান্য সেবা পদক** |
| ৫. | রিয়ার এডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান, এনপিপি,এনডিসি, এনসিসি, পিএসসি (পি নং ৫৫২) | অসামান্য সেবা পদক |
| ৬. | রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, এনপিপি, আরসিডিএস,এএফডব্লিউসি, পিএসসি, (পি নং ৫৯৩) | অসামান্য সেবা পদক |
| ৭. | কমডোর সৈয়দ মোহাম্মদ মনিরুজ্জামান, (সি), এনসিসি, পিএসসি, বিএন (পি নং ৭৩৮) | অসামান্য সেবা পদক |
| ৮. | কমডোর মোহাম্মদ জিয়াউল হক, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৭৯৬) | অসামান্য সেবা পদক |

| ক্রমিক | পদবি, নাম ও পি নং | পদক |
|---|---|---|
| ৯. | কমডোর আবুল কালাম মোহাম্মদ ফারুক হাসান, (এন), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৫১৬) | **বিশিষ্ট সেবা পদক** |
| ১০. | কমডোর আবদুল্লাহ আল মামুন চৌধুরী, (এন), এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৬১৫) | বিশিষ্ট সেবা পদক |
| ১১. | কমডোর মোহাম্মদ মতিউর রহমান, (এস), এমএনএসএ, পিএসসি, বিএন (পি নং ৬২০) | বিশিষ্ট সেবা পদক |
| ১২. | কমডোর মোহাম্মদ মঞ্জুর হোসেন, (জি), এনডিইউ, পিএসসি, বিএন (পি নং ৭২১) | বিশিষ্ট সেবা পদক |
| ১৩. | কমডোর মোহাম্মদ মাহমুদুল মালেক, (সি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৮১২) | বিশিষ্ট সেবা পদক |
| ১৪. | কমডোর বশীর উদ্দিন আহ্‌মেদ, (জি), এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৪৬৮) | **নৌ গৌরব পদক** |
| ১৫. | কমডোর সুমন মাহমুদ সাব্বির, (এনডি), এনডিসি, পিএসসি, বিএন (পি নং ৬০৩) | নৌ গৌরব পদক |
| ১৬. | কমডোর আবুল খায়ের মোহাম্মদ মোস্তাক সিরাফুল্লাহ্‌, (এইচ ১), বিসিজিএমএস, পিএসসি, বিএন (পি নং ৭৯০) | নৌ গৌরব পদক |
| ১৭. | কমডোর মোহাম্মদ হুমায়ুন কবীর, (ট্যাজ), এনসিসি, পিএসসি, বিএন (পি নং ৯০৩) | নৌ গৌরব পদক |
| ১৮. | কমডোর জিয়াউর রহমান, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৯৩২) | নৌ গৌরব পদক |
| ১৯. | ক্যাপ্টেন মোঃ সামছুল আজিজ, (এল), পিএসসি, বিএন (৮৬২) | নৌ গৌরব পদক |
| ২০. | ক্যাপ্টেন মোহাম্মদ জয়নাল আবেদীন, (এনডি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৯০১) | নৌ গৌরব পদক |
| ২১. | কমডোর খন্দকার আক্তার হোসেন, (ই), পিএসসি, বিএন (পি নং ৭৫৬) | **নৌ উৎকর্ষ পদক** |
| ২২. | ক্যাপ্টেন আব্দুল্লাহ-আল-মাকসুস, (ট্যাজ), পিএসসি, বিএন (পি নং ৮৫০) | নৌ উৎকর্ষ পদক |
| ২৩. | ক্যাপ্টেন আবু নঈম মোহাম্মদ দিদারুল আলম, (এল), পিএসসি, বিএন (পি নং ৯৬৪) | নৌ উৎকর্ষ পদক |
| ২৪. | ক্যাপ্টেন কুতুব উদ্দিন মোহাম্মদ আমানত উল্লাহ্‌, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ১১২০) | নৌ উৎকর্ষ পদক |
| ২৫. | কমান্ডার মোহাম্মদ ছানোয়ার হোসেন, (ট্যাজ), বিএন (পি নং ৭৯২) | নৌ উৎকর্ষ পদক |
| ২৬. | কমান্ডার আসাদ আল মামুন, (সি), পিএসসি, বিএন (পি নং ১৪২২) | নৌ উৎকর্ষ পদক |
| ২৭. | সঃ সংখ্যা ২০১৪০০০৪ এম হুমায়ুন কবীর, ওএ-২ | নৌ উৎকর্ষ পদক |
| ২৮. | সঃ সংখ্যা ৯৪০৩৯৯ মোঃ সিরাজুল ইসলাম, এমসিপিও(ক্যাট) | নৌ উৎকর্ষ পদক |
| ২৯. | সঃ সংখ্যা ৯৯০০০৭ মোঃ নায়েব আলী হাওলাদার, পিও (এনসিটি-১) | নৌ উৎকর্ষ পদক |
| ৩০. | সঃ সংখ্যা ২০১৫১০০১ এম এস হোসেন, এমএ-১ | নৌ উৎকর্ষ পদক |
| ৩১. | কমডোর মোহাম্মদ আতিকুর রহমান, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৮১৩) | **নৌ পারদর্শিতা পদক** |
| ৩২. | ক্যাপ্টেন তারেক মোহাম্মদ নাসরুল্যাহ্‌, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং ৬১৮) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৩. | ক্যাপ্টেন মোহাম্মদ মনির উদ্দীন মল্লিক, (ট্যাজ), পিএসসি, বিএন (পি নং ৯৯২) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৪. | ক্যাপ্টেন মোঃ শহীদুল্লাহ আল ফারুক, (ই), পিএসসি, বিএন (পি নং ১১১৯) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৫. | কমান্ডার ফাহমিদা মোহসীন, (এল), পিএসসি, বিএন (পি নং ১৫২১) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৬. | লেঃ কমান্ডার এস, এম, মনির উজ্জামান, (এসডি), (এক্স), বিএন (পি নং ১৮৮৩) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৭. | সঃ সংখ্যা ৯০০৪৪৯ এম ছালজার রহমান, চীফইআরএ(এস) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৮. | সঃ সংখ্যা ৯৫০৩৮৭ আবুল কালাম আজাদ, এসসিপিও(এক্স) | নৌ পারদর্শিতা পদক |
| ৩৯. | সঃ সংখ্যা ২০০০০৩৫৪ মোঃ জালাল উদ্দিন, আরইএ-২ | নৌ পারদর্শিতা পদক |
| ৪০. | সঃ সংখ্যা ২০০৬০৫৯৩ এম ইমদাদুল হাসান, পিও (টিডি-১) | নৌ পারদর্শিতা পদক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্‌ আবদুল আলীম খান**
যুগ্মসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৭/২৯ জুলাই ২০২০

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৬.১৯-১১৪**—যেহেতু, জনাব মোঃ আহসান উল্লাহ, জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজবাড়ী, ইতোপূর্বে জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পঞ্চগড় হিসেবে কর্মকালে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকার স্মারক নং ৪৪.০৩.০০০০.০৪১.২০.০০১.০৪. ০০১.১১-৮৪৯, তারিখ ১০-১২-২০১৭ খ্রিঃ এর নির্দেশনা অমান্য করে দাবীকৃত উৎকোচ না পেয়ে দীর্ঘদিন থেকে বিনা পারিশ্রমিকে কর্মরত উপজেলা আনসার কমান্ডার, ইউনিয়ন আনসার কমান্ডার, সহকারী ইউনিয়ন আনসার কমান্ডার এবং মহিলা আনসার প্লাটুন কমান্ডারগণকে কর্ম থেকে বিরত রাখেন। তিনি এখতিয়ার বহির্ভূতভাবে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অসৎ উদ্দেশ্যে পঞ্চগড় জেলার তেতুলিয়া উপজেলার ৮ (আট) জন স্বেচ্ছাসেবী/উপজেলা কোম্পানী কমান্ডার এর শূন্য পদ সৃষ্টি করেন এবং শূন্য পদের বিপরীতে বাছাইকৃত সদস্য/সদস্যদের নিকট হতে উৎকোচ গ্রহণ করেন। বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩ (ঘ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অপরাধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় এ বিভাগের গত ১৯-০১-২০২০ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১৬.১৯-১৩ নম্বর স্মারকমূলে তাঁকে কারণ দর্শানো হয়। তিনি গত ২৮-০১-২০২০ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

২। যেহেতু, তাঁর আবেদন অনুযায়ী ১১-০৩-২০২০ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে এবং লিখিত জবাবে তিনি জানান যে, উপজেলা কোম্পানী কমান্ডার/সহকারী কমান্ডার/ইউনিয়ন আনসার কমান্ডার/সহকারী কমান্ডারকে তিনি নিয়োগ বা অব্যাহতি প্রদান করেন নি। পূর্ব থেকে যারা কর্মরত ছিলেন, তাঁরা তার সময়েও কর্মরত ছিলেন এবং পূর্ব থেকে থাকা শূন্য পদসমূহ তাঁর সময়েও শূন্য ছিল। তাই তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। মাগুরায় থাকাকালীন উপজেলা প্রশিক্ষিকা মমতাজ বেগম নির্বাচনে মোতায়েনকৃত আনসার ভিডিপি সদস্য/সদস্যদের নিকট থেকে চাঁদা আদায়ের অভিযোগ পেয়ে তিনি নিষেধ করলে তিনি তাঁর বিরুদ্ধে মারধরের অভিযোগ করেন। পরবর্তীতে তিনি নিজেই স্বীকারোক্তি দেন যে, তিনি আত্মরক্ষার জন্য তাঁর বিরুদ্ধে মারধরের মিথ্যা অভিযোগ করেছেন। যেখানে তাঁর কোনো সংশ্লেষ বা দোষ ছিল না দাবি করে অনিচ্ছাকৃত ভুল ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক আনীত "অসদাচরণ" এর অপরাধ করেছেন মর্মে প্রতীয়মান হয়। তবে এটি তাঁর প্রথম অপরাধ বিবেচনায় অসদাচরণের প্রমাণিত অভিযোগে তাঁকে লঘুদন্ড প্রদান সমীচীন হবে বলে মনে করি;

৪। সেহেতু, সার্বিক পর্যালোচনায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় জনাব মোঃ আহসান উল্লাহ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক "তিরস্কার" দন্ড প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

**আইন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ শ্রাবণ ১৪২৭/৩০ জুলাই ২০২০

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৫.২০-৩৫৫**—ঝিনাইদহ জেলার মহেশপুর থানার মামলা নং-২৬, তারিখ:-৩১-১০-২০১৫ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৭/১০ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলার সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯{(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ আমিনুল ইসলাম**
উপসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-২৩৩-(৪৪)**—ইলিশ সম্পদ সংরক্ষণে Protection and Conservation of Fish Act 1950 (E.B. Act No. XVIII of 1950, এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 অনুযায়ী এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ১৪ অক্টোবর থেকে ০৪ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ পর্যন্ত মোট ২২ দিন (২৯ আশ্বিন হতে ১৯ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ) সময়কালে সরাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হলো।

জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান**
উপসচিব।